যখনই কোনো বিষয়ে আমি উমার রাদিয়াল্লাহু ‘আনহুকে বলতে শুনতাম, ‘আমার মনে হয়, এটা এই হবে’ তখনই (দেখতাম) বাস্তবে তাই হত; যা তিনি ধারণা করতেন।

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “যখনই কোনো বিষয়ে আমি উমার রাদিয়াল্লাহু ‘আনহু-কে বলতে শুনতাম, ‘আমার মনে হয়, এটা এই হবে’ তখনই (দেখতাম) বাস্তবে
তাই হত; যা তিনি ধারণা করতেন”।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

সাহাবীগণ দেখতেন উমার রাদিয়াল্লাহু ‘আনহু এমন বেশ কিছু বিষয়ে মত দিতেন যা তিনি ছাড়া অন্য কোনো মানুষের কাছে বাহ্যিকভাবে স্পষ্ট হতো না। অতঃপর যখন সে বিষয়গুলো বাস্তবে ফুটে উঠতো, তখন স্পষ্ট হতো যে, এ বিষয়ের ওপর উমারের পূর্বেকার সিদ্ধান্ত বাস্তবে যা ঘটেছে ও প্রকাশ পেয়েছে তার সাথে সঙ্গতিপূর্ণ ছিল।

http://sunnah.global/hadeeth/bn/show/3473